# প্রশ্নফাঁস নিয়ে বিক্ষোভের মধ্যে ভারতের শিক্ষা সচিবকে বদলি



ছবিঃ সংগৃহীত

প্রশ্নফাঁসের অভিযোগে ভারতজুড়ে শিক্ষার্থীদের আন্দোলন ও বিক্ষোভের মধ্যেই শিক্ষা মন্ত্রণালয়ের সচিব বিনীত জোশিকে পদ থেকে সরিয়ে অন্য মন্ত্রণালয়ে বদলি করেছে দেশটির কেন্দ্রীয় সরকার। তার জায়গায় উচ্চশিক্ষা বিভাগের নতুন সচিব হিসেবে দায়িত্ব পেয়েছেন নরেশ পাল গাঙ্গওয়ার।

বৃহস্পতিবার (২৩ জুলাই) গভীর রাতে কেন্দ্রীয় সরকারের জারি করা এক প্রজ্ঞাপনে এ প্রশাসনিক রদবদলের কথা জানানো হয়।

প্রজ্ঞাপন অনুযায়ী, ২০২৫ সালের জানুয়ারি থেকে উচ্চশিক্ষা বিভাগের সচিবের দায়িত্ব পালন করে আসা বিনীত জোশিকে পঞ্চায়েতি রাজ মন্ত্রণালয়ের সচিব হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে।

এ ছাড়া সরকারের সাম্প্রতিক রদবদলে মোট ১৩টি নতুন নিয়োগ এবং চারটি ইন-সিটু পদোন্নতির সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই আদেশে গ্রামীণ উন্নয়ন মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব টি কে অনিল কুমারকে স্কুল শিক্ষা ও সাক্ষরতা বিভাগের সচিব করা হয়েছে।

দেশটির শিক্ষা খাতে প্রশ্নফাঁসের অভিযোগ ঘিরে শিক্ষার্থী ও বিরোধী দলগুলোর আন্দোলনের মধ্যেই এই পরিবর্তন এলো। বিক্ষোভকারীরা দেশজুড়ে বিভিন্ন কর্মসূচি পালন করে শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের পদত্যাগও দাবি করে আসছেন।

LENS ASIA